

১.০ ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের অধীন ৪টি বিশ্ববিদ্যালয়, ৩টি শিক্ষা বোর্ড এবং ৫টি বি,আই,টি এর ২০০০-২০০১ সনের বাৎসরিক নিরীক্ষা কার্যক্রম গৃহীত হয় এবং ১৫/৭/০১ তারিখ হইতে ৩০/৮/০১ তারিখ পর্যন্ত সময়ে নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়। উল্লেখ্য যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড এবং বি,আই,টি ইত্যাদি প্রতিষ্ঠান সমূহের জুন/২০০১ তারিখে সমাপ্ত অর্থ বৎসরের হিসাব নিরীক্ষা কাজ নভেম্বর/২০০১ এর মধ্যে সমাপ্তকরণের উদ্দেশ্যে অডিট রিপোর্ট প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হওয়ায় স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক যথারীতি নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হয়। নিরীক্ষায় পরিলক্ষিত গুরুতর আর্থিক অনিয়ম সমূহকে ১০/৯/০১ তারিখ হইতে ১৬/৯/০১ তারিখ পর্যন্ত সময়ে অগ্রিম অনুচ্ছেদ হিসাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব বরাবর প্রেরণ করা হয় এবং সর্বশেষ ব্যবস্থা হিসাবে ২৫/১০/০১ তারিখে আধা-সরকারী পত্র প্রেরণ করা হয়। অদ্যাবধি কোন জবাব না পাওয়ায় উত্থাপিত গুরুতর আর্থিক অনিয়মসমূহকে এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হইয়াছে।

এই রিপোর্টটির ২টি অধ্যায় আছে। প্রথম অধ্যায়ে ৪১টি গুরুতর আর্থিক অনিয়ম ও ক্ষয়ক্ষতি অন্তর্ভুক্ত করা হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ে অমিমাংসিত অডিট আপত্তির বিবরণী সন্নিবেশিত করা হইয়াছে। উল্লেখ্য এই মন্ত্রণালয়ের বিপরীতে উত্থাপিত ২০০১ সনের ৩০ শে জুন পর্যন্ত ৩৭,১৮০টি অডিট আপত্তি অমিমাংসিত রহিয়াছে।